গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
রাজৈর, মাদারীপুর ।

স্মারক নং-০৫.৪১.৫৪৮০.০০০.০৮.০০১.২০১৪-৪৭৬ তারিখ : ১৬/০৫/২০২৩ খ্রিঃ

বিষয়ঃ **রাজৈর উপজেলা পরিষদের সাধারণ সভায় উপস্থিতি প্রসঙ্গে** ।

রাজৈর উপজেলা পরিষদের মে-২০২৩ খ্রিঃ মাসের সাধারণ সভা আগামী ২৪ মে, ২০২৩ খ্রিঃ তারিখ রোজ বুধবার সকাল ১১.০০ ঘটিকায় চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রাজৈর মহোদয়ের সভাপতিত্বে উপজেলা পরিষদ কমপ্লেক্সের সভাকক্ষে অনুষ্ঠিত হবে। উক্ত সভায় কার্যপত্রসহ সংশ্লিষ্ট সকলকে যথাসময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

১৬.০৫.২৩
(উপমা ফারিসা)
উপজেলা নির্বাহী অফিসার
রাজৈর, মাদারীপুর।

বিতরণ (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়)ঃ

০১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রাজৈর।
০২। ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রাজৈর।
০৩। মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রাজৈর।
০৪। মেয়র, রাজৈর পৌরসভা, রাজৈর, মাদারীপুর।
০৫। সহকারী কমিশনার (ভূমি), রাজৈর, মাদারীপুর।
০৬। অফিসার ইনচার্জ, রাজৈর থানা, মাদারীপুর।
০৭। সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, রাজৈর (তাকে পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)
০৮। উপজেলা.................................... কর্মকর্তা রাজৈর।
০৯। চেয়ারম্যান (সকল), ............................ইউপি, রাজৈর।
জনাব..........................................................
..........................................................

পত্র প্রাপ্তির দুই কর্মদিবসের মধ্যে কার্যপত্র cauzpnajoir@gmail.com সরাসরি প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

অনুলিপি, সদয় জ্ঞাতার্থে প্রেরণ করা হলোঃ-
০১। জনাব শাজাহান খান, মাননীয় সংসদ সদস্য, মাদারীপুর-২
০২। জেলা প্রশাসক, মাদারীপুর।
০৩। অফিস কপি।

## উপজেলা পরিষদ রাজৈর, মাদারীপুর এর মে-২০২৩ খ্রিঃ মাসের মাসিক সভার কার্যবিবরণীঃ-

সভাপতি ঃ মোঃ রেজাউল করিম চৌধুরী
চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রাজৈর, মাদারীপুর।
স্থান ঃ উপজেলা পরিষদ কমপ্লেক্স।

তারিখ ঃ ২৪-০৫-২০২৩খ্রিঃ
সময় ঃ বেলা ১১.০০ ঘটিকা।

উপস্থিতি ঃ পরিশিষ্ট 'ক'।

সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। অতঃপর সভাপতির অনুমতিক্রমে উপজেলা নির্বাহী অফিসার, রাজৈর সভা পরিচালনা করেন। উপজেলা নির্বাহী অফিসার, রাজৈর বিগত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শোনান এবং কোনরূপ সংশোধনী থাকলে তা উপস্থাপনের জন্য সদস্যগণের দৃষ্টি আকর্ষণ করেন। বিগত সভার সিদ্ধান্ত সম্পর্কে কোন সংশোধনী না থাকায় বিগত সভার কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। অতঃপর সভায় বিভাগওয়ারী আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্রমিক | বিভাগের নাম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ০১ | উপজেলা কৃষি বিভাগ। | উপজেলা কৃষি অফিসার, রাজৈর সভায় নিম্নবর্ণিতভাবে তার বিভাগীয় কার্যক্রম উপস্থাপন করেন<br>উফশী পাট<br>রাজৈর উপজেলায় চলতি মৌসুমে তোষা পাট ৬৮২০ হেক্টর, মেস্তা/কেনাফ ৯৫ হেক্টরসহ মোট ৯৬১৫ হেক্টর চাষ হয়েছে।<br>উফশী আউশ<br>আউশ বীজতলা-উফশী ৮ হেক্টর ও আউশ আবাদ-৬৫ হেক্টর।<br>সারের বরাদ্দ<br>ইউরিয়া-১০৮ মে.টন, টিএসপি-১১৫ মে.টন, ডিএপি-৪৭ মে.টন ও এমওপি-৯ মে.টন। উপজেলা কৃষি অফিসের সংযোগ সড়ক নির্মাণ করা অত্যন্ত জরুরী। ২০২২-২০২৩ অর্থ বছরে উফশী আমন ফসল প্রণোদনা কর্মসূচী চলমান। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | মাঠে সার্বক্ষণিক কৃষকদের সাথে যোগাযোগ রাখতে হবে। কৃষি প্রণোদনা কর্মসূচির আওতায় ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকদের মাঝে সঠিকভাবে বিতরণ করাসহ বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে পরিচালনা করতে হবে। | উপজেলা কৃষি অফিসার। |
| ০২ | উপজেলা স্বাস্থ্য বিভাগ। | কার্যপত্র না থাকায় সাম্প্রতিক কার্যক্রম সম্পর্কে আলোচনা হয়নি। | সভায় লিখিত কার্যপত্র নিয়ে উপস্থিত থাকতে হবে। | উপজেলা স্বাস্থ্য ও প পঃ কর্মকর্তা। |
| ০৩ | উপজেলা প্রাণি সম্পদ বিভাগ। | উপজেলা প্রাণি সম্পদ অফিসার, রাজৈর বলেন গবাদি পশুর টিকা প্রদান-৬২৫৮ মাত্রা, হাঁস-মুরগির টিকা প্রদান-৪৫০০০ মাত্রা, গবাদিপশুর চিকিৎসা সেবা প্রদান-১৫২০ টি, হাঁস-মুরগির চিকিৎসা সেবা প্রদান-২১৬৯৯ টি, পোষা প্রাণীর চিকিৎসা প্রদান-০৭ টি, কৃত্রিম প্রজনন-৮৮৯ টি, সংকর জাতের বাছুরের তথ্য-২৪৩ টি, গবাদিপশুর খামার স্থাপন-০১ টি, হাঁস-মুরগির খামার স্থাপন-০, খামার পরিদর্শন-০৮টি, উঠান বৈঠকের আয়োজন-০৪ টি, প্রাণিপালন বিষয়ে প্রশিক্ষণ প্রদান-০, উন্নত জাতের ঘাসের চাষ-০১ একর। দপ্তরের অন্যান্য সেবামূলক কার্যক্রম চলমান রয়েছে। | বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে পরিচালনা করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রাণি সম্পদ অফিসার। |
| ০৪ | স্থানীয় সরকার বিভাগ (এলজিইডি) | উপজেলা প্রকৌশলী, রাজৈর সভায় জানান যে, ২০২২-২০২৩ অর্থ বৎসরের এডিপি ও রাজস্ব তহবিলের অর্থের অনুকূলে ইউপি থেকে প্রাপ্ত প্রকল্প সমূহ যাছাই বাছাই পরবর্তী নিম্নবর্ণিত প্রকল্পগুলি টেন্ডার আহবান করা হয়েছে। আগামীকাল অনলাইনে দরপত্র দাখিলের শেষ দিন। উপজেলা পরিষদের অবশিষ্ট সীমানা প্রাচীর ও গেট নির্মাণ করা প্রয়োজন। কর্মচারীদের আবাসিক কোয়ার্টার ৫/১,০৫/২,০৫/৩, ৫/৩ এর প্রয়োজনীয় মেরামত করাসহ পূর্বের ভাড়া কমিয়ে মাসিক ২০০০/- (দুই হাজার) টাকা নির্ধারণ করার প্রস্তাব করেন। | চলতি অর্থ বৎসরের মধ্যে টেন্ডারকৃত কাজ বাস্তবায়ন করতে হবে। সীমানা প্রাচীর ও গেট নির্মাণের জন্য মন্ত্রণালয়ে পূর্ণাঙ্গ প্রস্তাব প্রেরণ করতে হবে ও কর্মচারীদের আবাসিক কোয়ার্টারের পূর্বের ভাড়া কমিয়ে মাসিক ২০০০/- (দুই হাজার) টাকা নির্ধারণ করা হলো। | উপজেলা প্রকৌশলী |
| ০৫ | ত্রাণ ও পুনর্বাসন শাখা | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, রাজৈর সভায় বলেন যে, ২০২২-২০২৩ অর্থ বছরে টিআর, কাবিটা, কাবিখা ১ম পর্যায়ে ৯৫% কাজ সমাপ্ত হয়েছে এবং ২য় পর্যায়ের কাবিখা সাধারণ ৭৮% সমাপ্ত হয়েছে। বীর নিবাস ২য় পর্যায়ে ৫৮ টি ঘরের কাজ ৮৬% সমাপ্ত এবং ২য় পর্যায়ে এইচবিবি বরাদ্দকৃত ১ কিঃ মিঃ এর কাজ ৯৫% সমাপ্ত হয়েছে। ইশিবপুর বন্যা আশ্রয়কেন্দ্রে ৪০% কাজ সমাপ্ত হয়েছে এবং শেখ রাসেল বন্যা আশ্রয় কেন্দ্রের কাজ শুরু হয়েছে। বিভাগীয় কার্যক্র সঠিকভাবে চলছে। | বাস্তবায়নাধীন প্রকল্পসমূহ নিয়মিত তদারকি করতে হবে। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা |
| ০৬ | উপজেলা মৎস্য বিভাগ। | উপজেলা মৎস্য কর্মকর্তা, রাজৈর সভায় বলেন যে, বর্তমানে দেশীয় প্রজাতীর মাছের প্রজনন মৌসুম চলমান। উক্ত প্রজনন মৌসুমে মা মাছ রক্ষার্থে ক্ষতিকর চায়না জালের ব্যবহার বন্ধে সম্মানিত ইউপি | মাছের উৎপাদন বৃদ্ধি করতে প্রয়োজনীয় সকল সহযোগিতা করতে হবে। বিভাগীয় কার্যক্রম | উপজেলা মৎস্য অফিসার। |

| ক্রমিক নং | বিভাগের নাম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবা... |
|---|---|---|---|---|
| | | চেয়ারম্যানসহ সকল জনপ্রতিনিধিদের আন্তরিক সহযোগিতা প্রয়োজন। জাটকা সংরক্ষণ ও ক্ষতিকর জাল (চায়না জাল, কারেন্ট জাল ইত্যাদি) বন্ধে নিয়মিত বাজার পরিদর্শন ও অভিযান পরিচালিত হচ্ছে। বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চলছে। | সঠিকভাবে বাস্তবায়ন করতে হবে। | |
| ০৭ | উপজেলা প্রাথমিক শিক্ষা বিভাগ। | কার্যপত্র না থাকায় দাপ্তরিক কার্যক্রম সম্পর্কে আলোচনা হয়নি। | সভায় নিয়মিত কার্যপত্র নিয়ে উপস্থিত থাকতে হবে। | উপজেলা শিক্ষা অফিসার। |
| ০৮ | উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগ। | কার্যপত্র না থাকায় দাপ্তরিক কার্যক্রম সম্পর্কে আলোচনা হয়নি। | সভায় নিয়মিত কার্যপত্র নিয়ে উপস্থিত থাকতে হবে। | উপজেলা মাঃ শিক্ষা অফিসার। |
| ০৯ | উপজেলা পরিবার পরিকল্পনা অফিস। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, রাজৈর সভায় বলেন যে, রাজৈর উপজেলায় বর্তমান মাসে খাবার বড়ির মাসিক লক্ষ্যমাত্রা-১৫৭২, অর্জন-৬২৮, ইনজেকটেবলস মাসিক লক্ষ্যমাত্রা-৭৬৩, অর্জন-২০৫, কনডম মাসিক লক্ষ্যমাত্রা-২৮২, অর্জন-৮৩, আইইউডির মাসিক লক্ষ্যমাত্রা-৬০, অর্জন-০০, ইমপ্লান্টের মাসিক লক্ষ্যমাত্রা-৭৭, অর্জন-২৩ এবং স্থায়ী পদ্ধতীর মাসিক লক্ষ্যমাত্রা-২০, অর্জন-০৯। উপজেলার মোট সক্ষম দম্পতি-৪৮৭৪৯জন মোট গ্রহণকারী-৩৬৮৯৬জন। প্রতিমাসে ইউনিয়ন পর্যায়ে বন্ধ্যাত্বকরণ ক্যাম্পের আয়োজন করা হয়। পরিবার পরিকল্পনা সেবা এবং মা ও শিশু সেবা ও সাধারণ রোগীর সেবা প্রদান করা হয়। এ কার্যক্রম আরো জোরদার করতে সম্মানিত সদস্যগণকে সহযোগিতা করার অনুরোধ জানানো হয়। বিভাগীয় কাজ সুষ্ঠুভাবে চলছে। | পরিবার পরিকল্পনার কার্যক্রমে সফলতা অর্জনে সংশ্লিষ্ট সকলের সহযোগিতা নিয়ে জোরালোভাবে কাজ করতে হবে এবং সফলতা কার্যক্রম ধরে রাখতে হবে। | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার। |
| ১০ | উপজেলা সমাজসেবা অফিস। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, রাজৈর সভায় বলেন যে, রাজৈর উপজেলার সকল প্রকার ভাতার ৩য় কিস্তির টাকা সকল ভাতাভোগী সঠিকভাবে পেয়েছে। সকল ইউনিয়নের সকল প্রকার ভাতার মৃত্যু প্রতিস্থাপনের কাজ এবং ৪র্থ কিস্তির পেরোল প্রেরণের কাজ চলমান রয়েছে। প্রতিবন্ধিতা সনাক্তকরণ জরিপ ও নাম্বার পরিবর্তনের কাজ চলমান রয়েছে। যে সকল প্রতিবন্ধী ভাতার আওতায় রয়েছে কিন্তু জরিপ কার্য সম্পন্ন করে নাই, অনতিবিলম্বে তাদেরও জরিপ কার্য সম্পন্ন করার জন্য অবহিত করা হয়েছে। এ ব্যাপারে পৌর মেয়রসহ সকল ইউনিয়নের চেয়ারম্যানদের সহযোগিতা একান্তভাবে কামনা করছি। ক্যান্সার, কিডনী, লিভার সিরোসিস, জন্মগত হৃদরোগ, স্ট্রোকে প্যারালাইজড, থ্যালাসিমিয়া রোগে আক্রান্ত রোগীদের জন্য জনপ্রতি ৫০০০০/- করে ৩৬ জন রোগীর চেক পাওয়া গিয়েছিল যা সুষ্ঠুভাবে বিতরণ করা হয়েছে। বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে পরিচালনা করতে হবে। | উপজেলা সমাজসেবা অফিসার। |
| ১১ | উপজেলা পল্লী উন্নয়ন অফিস (বি.আর.ডিবি। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, রাজৈর সভায় বলেন যে, নিয়মিত সমিতি/দলগঠন, সদস্য/সদস্যা ভর্তি, শেয়ার আদায়, সঞ্চয় আদায়, ঋণ বিতরণ, ঋণ আদায় ও প্রশিক্ষণ কার্যক্রম চলমান রয়েছে।<br>প্রকল্প গ্রহণ<br>মৎস্য চাষ- ৯৫ টি, গরু মোটাতাজাকরণ- ৭২ টি, হাঁস মুরগি পালন- ১০২ টি, সবজি চাষ- ১৩৪ টি, ক্ষুদ্র ব্যবসা- ১১৩ টি ও কৃষি কাজ- ১০২ টি। সর্বমোট-৬১৮ টি। ১। সিভিডিপি প্রকল্পের সঞ্চয় জমা কার্যক্রম চলমান ও প্রশিক্ষণের জন্য অবহিতকরণ। ২। সিভিডিপি প্রকল্পের আইজিএ ও দক্ষতামূলক প্রশিক্ষণ চলমান আছে। বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চলছে। | মাঠে খেলাপী ঋণ আদায়ে জোরালো ভূমিকা রাখতে হবে। | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার। |
| ১২ | উপজেলা যুব উন্নয়ন অধিদপ্তর। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, রাজৈর সভায় বলেন যে, অত্র উপজেলায় বরাদ্দকৃত মোট ঋণ তহবিল (রাজস্ব) ২৫৩৮৮০০/- টাকা। মোট ঋণ বিতরণ ৩৩৫০২৫০০/- টাকা। আদায়যোগ্য আসল ৩০৪৬৮৪৫৮/- টাকা। আদায়কৃত আসল ৩০১০৮১২৬/- টাকা। ঋণ আদায়ের হার ৯৮.৮১%। মোট ঋণ খেলাপী ২৮৪০৮৭/- টাকা। ঋণ খেলাপীর সংখ্যা ৩৫ জন। মোট ঋণ গ্রহীতার সংখ্যা ১৩৩৬ জন। ২০২২-২৩ অর্থ বছরে ঋণ গ্রহিতার সংখ্যা (পুঃ ০৮+মঃ ২১) ২৯ জন, যুব ঋণ বিতরণ ১৪৬০০০০/- ও প্রশিক্ষণ (পুঃ ০৮+ মঃ ১১২) ১২০ জন, ক্রমপুঞ্জিভূত প্রশিক্ষণ (পুঃ ২১৫৬+মঃ ৪২৩৬) ৬৩৯২ জন, ক্রমপুঞ্জিভূত আত্মকর্মী (পুঃ ১০৪০+মঃ ২০০৭) ৩০৪৭ জন, পরিবার ভিত্তিক কর্মসূচীর (বরাদ্দ) ২০০০০০০/- টাকা, বিতরণ- ৩৪৪০০০০/- টাকা, আদায়যোগ্য | সকল প্রকার প্রশিক্ষণ যাতে সুষ্ঠুভাবে সম্পন্ন করা হয় সে বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা নিতে হবে এবং যুব/যব মহিলাদের মাঝে সঠিক তদারকির মাধ্যমে ঋণ বিতরণ ব্যবস্থা নিতে হবে। | উপজেলা যুব উন্নয়ন অফিসার। |

| ক্রমনং | বিভাগের নাম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| | | আসল ৩৩৯১৩০০/- টাকা, আদায়কৃত আসল ৩৩৯১৩০০/- টাকা। আদায়ের হার ১০০%, ঋণীর সংখ্যা ৩১৫ জন, ২০২২-২০২৩ অর্থ বছরে উপকারভোগীর সংখ্যা (পুঃ ০+মঃ ০) ০ জন, ক্রমপুঞ্জিভূত উপকারভোগীর সংখ্যা (পুঃ ১৭১+মঃ ১৪৪) ৩১৫ জন, মোট ঋণ খেলাপি ০, ঋণ খেলাপীর সংখ্যা ০ জন ও প্রশিক্ষণ জোরদারকরণ প্রকল্পে ঋণের মোট বরাদ্দ ৪০০০০০/- বিতরণ-৪৫০০০০/- টাকা, আদায়যোগ্য আসল ৪৫০০০০/- টাকা, আদায়কৃত আসল ৪১৪৮৩৩/-টাকা, আদায়ের হার ৯২%। মোট ঋণ খেলাপী ৩৫১৬৭/-, ঋণ খেলাপীর সংখ্যা ০১ জন, মোট ঋণীর সংখ্যা ১৫ জন। ২০২২-২৩ অর্থবছরে প্রশিক্ষণ (পুঃ ০+মঃ ০) ০ জন। ক্রমপুঞ্জিভূত প্রশিক্ষণ (পুঃ ৭১৭+মঃ ১৪৮৩) ২২০০ জন, ২০২২-২৩ অর্থবছরে আত্মকর্মী (পুঃ ০+মঃ ০) ০ জন, ক্রমপুঞ্জিভূত আত্মকর্মী (পুঃ ৪০৮+মঃ ৭৫২) ১১৬০ জন, নিবন্ধনকৃত যুব সংগঠনের সংখ্যা ২৪ টি। বিভাগীয় কার্যক্রম সন্তোষজনক। | | |
| ১৩ | উপজেলা সমবায় বিভাগ। | উপজেলা সমবায় কর্মকর্তা, রাজৈর সভায় বলেন যে, রাজৈর উপজেলায় বিভাগীয় কেন্দ্রীয় ০২টি, বিভাগীয় প্রাথমিক ২২৭টি, পল্লীউন্নয়ন কেন্দ্রীয় ০১টি ও পল্লীউন্নয়ন প্রাথমিক ১৭৯টি সমবায় সমিতি রয়েছে। এ সকল সমিতির মধ্যে অডিট বরাদ্দ রয়েছে ২২৭টি এবং অডিট সম্পন্ন হয়েছে প্রাথমিক ২২৭টি ও কেন্দ্রীয় ২টি। পল্লীউন্নয়ন কেন্দ্রীয় ০১ টি, পল্লীউন্নয়ন প্রাথমিক ১২ টি। মোট অডিট ফি ধার্য হয়েছে ৩৫২৫০/- টাকা এবং অডিট আদায় হয়েছে ৩৫২৫০/- টাকা। সমবায় উন্নয়ন তহবিলে ধার্য ৩৭৫৬৭/- এবং আদায় ৩৭৫৬৭/- টাকা। গজারিয়া আয়বর্ধন প্রকল্প (ফেইজ-২)তে ঋণ বিতরণ-৪৭৫০০০/- টাকা, আদায়-৩৮৫২৫০/- টাকা, সার্ভিস চার্জ আদায়-২৬১৬০/- টাকা এবং ঋণ পাওনা ৮৯৭৫০/- টাকা। দুগ্ধ প্রকল্পে মোট ঋণ বিতরণ-৪৬৭.০০/- টাকা, ঋণ আদায়যোগ্য-৪৩০.৫৬/- টাকা, আদায়যোগ্য খেলাপি-৩০.৪৪/- টাকা, ঋণ আদায়-২৬৯.২৬৩/- টাকা এবং সার্ভিস চার্জ আদায়-৩৩.৬৪৪/- টাকা। দুগ্ধ প্রকল্পের ঋণ আদায় কার্যক্রমে উপজেলা চেয়ারম্যান, উপজেলা নির্বাহী অফিসার এবং সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণের সহযোগিতা কামনা করেন। বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | সমবায়ীদের বিভিন্ন ট্রেডে প্রশিক্ষণ প্রদান করে, সক্ষমতা অর্জনের জন্য গুরুত্ব প্রদান করা হয় এবং মাঠে ঋণ আদায়ে তৎপরতা বৃদ্ধি করতে হবে। | উপজেলা সমবায় অফিসার। |
| ১৪ | উপজেলা নির্বাচন অফিস। | উপজেলা নির্বাচন কর্মকর্তা, রাজৈর সভায় বলেন যে, নির্বাচন কমিশন সচিবালয়ের আওতাধীন মাঠ পর্যায়ের উপজেলা সার্ভার স্টেশন ঊর্ধ্বমুখী সম্প্রসারণযোগ্য কিনা সে বিষয়ে কারিগরি টিম গঠন করা হয়েছে। গঠিত কমিটিকে আগামী ১৫ কার্যদিবসের মধ্যে সরেজমিনে পরিদর্শন করে প্রতিবেদন প্রেরণের নির্দেশ প্রদান করেছেন। এ বিষয়ে দ্রুত ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করেন। | দ্রুত পরিদর্শন করে প্রতিবেদন প্রেরণ করতে হবে। | উপজেলা নির্বাচন অফিসার। |
| ১৫ | জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর। | উপসহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), রাজৈর সভায় জানান যে,<br>পানি সরবরাহে আর্সেনিক ঝুঁকি নিরসন প্রকল্পের<br>২০২০-২১ অর্থবছরে ২০০টি গভীর নলকূপ এবং ২০২২-২৩ অর্থবছরে ২৫০টি গভীর নলকূপ বরাদ্দ পাওয়া গিয়েছে ।<br>২০২০-২১ অর্থবছরের কাজটি ৯৫% সম্পন্ন হয়েছে এবং ২০২২-২৩ অর্থবছরের কাজটি খুব দ্রুত শুরু করা হবে।<br>সমগ্রদেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্পের<br>২০২২-২৩অর্থবছরে ২৮৩ টি গভীর নলকূপ বরাদ্দ পাওয়া গেছে।<br>২০২২-২৩ অর্থবছরে গভীর নলকূপের কাজ ১৫% স্থাপন করা হয়েছে এবং কাজ চলমান আছে। | দাপ্তরিক বিভিন্ন প্রকল্পের উন্নয়ন কার্যক্রম সঠিকভাবে তদারকিসহ উপজেলা পরিষদের নিকট প্রতি মাসে অগ্রগতি প্রতিবেদন প্রেরণ করতে হবে। | উপসহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য)। |
| ১৬ | উপজেলা বন বিভাগ। | উপজেলা বন কর্মকর্তা, রাজৈর সভায় বলেন যে, চলতি অর্থ বছরে বিক্রয়/বিতরণের নিমিত্তে অত্র নার্সারী কেন্দ্রের ৫০০০ টি ফলজ, বনজ, ভেষজ ও ঔষধী চারা উত্তোলনের কার্যক্রম চলমান আছে। ২০২০-২১ সনের সৃজিত ১০ কিঃ মিঃ সড়ক বাগানের বিভিন্ন স্থানে লতাপাতা/জঙ্গল দ্বারা আচ্ছন্ন। স্থানীয় উপকারভোগী সদস্যদের সার্বিক সহযোগিতায় লতাপাতা জঙ্গল কাটার জন্য অনুরোধ করা হয়। দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | দাপ্তরিক কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | উপজেলা বন কর্মকর্তা। |
| ১৭ | উপজেলা খাদ্য বিভাগ। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, রাজৈর সভায় জানান যে, মে-২৩ মাসে টেকেরহাট খাদ্য গুদামের খাদ্য শস্যের মজুদ-<br>ক) চাল ঃ ৫,১৮৪.৪৯৬ মেঃ টন, খ) গম ঃ ৯৯৮.৩৮৯ মেঃ টন, | দাপ্তরিক বিভিন্ন কার্যক্রম সঠিকভাবে বাস্তবায়ন করতে হবে। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক। |

| ক্রমিক নং | বিভাগের নাম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| | | ধ) খানিবন্ধ ঃ ৯৫,৪৯৯ খানা। সরকার এ বছর সারা দেশ থেকে অভ্যন্তরীণভাবে ৪.০০ লক্ষ টন ধান, ১২.৫ লক্ষ টন চাল এবং ২.০০ লক্ষ টন গম সংগ্রহ করবে। এখন পর্যন্ত (২৩/০৫/২০২৩ খ্রি তারিখ পর্যন্ত) মোট ১৭৪২.৯০০ মেঃ টন বোরো/২৩ সিদ্ধ চাল সংগ্রহ করা হয়েছে। রাজৈর উপজেলায় এখন পর্যন্ত কোন কৃষক গম বিক্রয় করতে আসেননি এছাড়াকৃষকের অ্যাপের মাধ্যমে ধান ক্রয় করার জন্য লটারীতে বিজয়ী কোন কৃষক ধান বিক্রয়ের জন্য টেকেরহাট এলএসডিতে আসেন নি। অ্যাপে নির্বাচিত কৃষকগণ যদি খাদ্য গুদামে ধান বিক্রয় না করেন, তবে পুনরায় লটারী করতে হবে। সে লক্ষ্যে উপজেলা কৃষি অফিসারকে সবিনয়ে জানানো যাচ্ছে যে, মাঠ পর্যায়ে উপ-সহকারী কৃষি কর্মকর্তাগণ যাতে, কৃষকদের অ্যাপের মাধ্যমে আবেদন করার জন্য সহযোগিতার করেন, তার প্রয়োজনীয় ব্যবস্থা করবে। ইতোমধ্যে উপ-সহকারী কৃষি কর্মর্তাদের নিকট লিফলেট এবং পোষ্টার সরবরাহ করা হয়েছে। উপজেলার বিভিন্নস্থানে প্রচারণার উদ্দেশ্যে মাইকিং করা হয়েছে। রাজৈর উপজেলায় ১১টি ইউনিয়নে মোট ২২ জন ডিলারের মাধ্যমে ৬,৯৮১ জন সুবিধাভোগীদের মধ্যে বর্তমানে যাচাইকৃত/ অনুমোদনকৃত কার্ড সংখ্যা ৬,৭২৬টি এবং বাতিলকৃত কার্ড ২৫৫টি। এপ্রিল/২৩ মাসে এ কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হয়েছে। বর্তমানে বাতিলকৃত ভোক্তাদের স্থলে নতুন ভোক্তাদের নাম অন্তর্ভূক্তি কার্যক্রম চলমান আছে। যে সকল ইউনিয়ন চেয়ারম্যানগণ এখন পর্যন্ত নতুন ভোক্তাদের তথ্যাদি জমা দেননি, তাদের দু'এক দিনের মধ্যে তালিকার সফট কপি ও হার্ড কপি (ইউনিয়ন খাদ্যবান্ধব কমিটির রেজুলেশন সহ) দাখিল করার জন্য পুনরায় অনুরোধ করা হল। রাজৈর উপজেলায় ১২টি ইউনিয়নে ভিডব্লিউবি কর্মসূচীর আওতায় কার্ডের মাধ্যমে মোট ১৬৯৮ জন মহিলাকে প্রতি মাসে ৩০কেজি হারে চাল বিলিবিতরণ করা হয়। ইউনিয়ন চেয়ারম্যানগণ যাতে নিয়মিত ভিডব্লিউবি খাতের খাদ্যশস্য উত্তোলন ও বিলিবিতরণ করেন তার জন্য বিশেষভাবে অনুরোধ করা হল। রাজৈর উপজেলার বিভিন্ন ইউনিয়নে, ফুড গ্রেইন লাইসেন্স করনের কার্যক্রম অব্যাহতসহ অন্যান্য কার্যাবলী স্বাভাবিকভাবে চলমান আছে। | | |
| ১৮ | উপজেলা মহিলা বিষয়ক অফিস। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, রাজৈর এর প্রতিনিধি সভায় জানান যে, মে/২৩ মাসের ভিডব্লিউবি ইউনিয়ন পর্যায়ে উপকারভোগীদের চাল বিতরণের ডিও খাদ্য অফিসে প্রেরণ করা হয়েছে। মা ও শিশু সহায়তা কার্যসূচীর প্রতিমাসে উপকারভোগী নির্বাচন কার্যক্রম চলমান রয়েছে। প্রতিমাসের ১৫ তারিখের মধ্যে নির্ধারিত ভাতাভোগীর নাম অনলাইনে আবেদন করার কার্যক্রম চলমান। আইজিএ প্রকল্পের প্রশিক্ষণ বর্তমানে স্থগিত। পরবর্তী নির্দেশ পাওয়া মাত্র প্রশিক্ষণ কার্যক্রম চালু করা হবে। এ মাসে বাল্য বিবাহ ও নারী নির্যাতনের কোন তথ্য পাওয়া যায়নি। বিভাগীয় কাজ সুষ্ঠুভাবে চলছে। | উপজেলা ১১টি ইউনিয়নের ভিডব্লিউবি'র ডিও এর মাল যথা নিয়মের মধ্যে উত্তোলন ও বিতরণ করতে হবে। নিয়মিত অফিসে উপস্থিত ও বিভাগীয় সকল কার্যক্রম উপজেলার সকল জনপ্রতিনিধিদের সাথে সমন্বয় ও সহযোগিতায় বাস্তবায়ন করতে হবে। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা। |
| ১৯ | উপজেলা পরিসংখ্যান বিভাগ | কার্যপত্র না থাকায় দাপ্তরিক কার্যক্রম সম্পর্কে আলোচনা হয়নি। | সভায় নিয়মিত কার্যপত্র প্রেরণ করতে হবে। | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা। |
| ২০ | উপজেলা হিসাবরক্ষন অফিস। | কার্যপত্র না থাকায় দাপ্তরিক কার্যক্রম সম্পর্কে আলোচনা হয়নি। | সভায় নিয়মিত কার্যপত্র প্রেরণ করতে হবে। | উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা। |
| ২১ | বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন | কার্যপত্র না থাকায় দাপ্তরিক কার্যক্রম সম্পর্কে আলোচনা হয়নি। | সভায় নিয়মিত কার্যপত্র নিয়ে সভায় উপস্থিত থাকতে হবে। | উপসহকারী প্রকৌশলী (বিএডিসি) |
| ২২ | বিদ্যুৎ বিভাগ। | ডিজিএম, পল্লী বিদ্যুৎ, টেকেরহাট, বলেন ২০২২-২০২৩ অর্থ বছরে লাইন নির্মাণ-চলতি-০ কিঃ মিঃ, ক্রমপুঞ্জিত-২.৩৬ কিঃ মিঃ (২) নতুন গ্রাহক সংযোগ (এপ্রিল-২০২৩)ঃ- আবাসিক-১৮৫ টি, বানিজ্যিক-১৮ টি ও দাতব্য প্রতিষ্ঠান-০৫ টি, শিল্প-০১ টি, সেচ-০৩, অটো চার্জ স্টেশন-০১, অন্যান্য-০১, মোট-২১৪ টি, গ্রাহক সংযোগ (ক্রমপুঞ্জিত)-৭৪০৮৫ জন, অন্তর্ভুক্ত গ্রাম-১৮৬, বিদ্যুতায়িত গ্রাম-১৮৬, গ্রাম বিদ্যুতায়নের হার-১০০%, গ্রাহক সেবায় পল্লী বিদ্যুতের ০১ টি উঠান বৈঠক করা হয়েছে। বকেয়া | নিয়মিত বিদ্যুৎ সরবরাহসহ বকেয়া আদায় করতে হবে। | ডিজিএম, পল্লী বিদ্যুৎ সমিতি, টেকেরহাট। |

| ক্রং নং | বিভাগের নাম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| | | এপ্রিল-২০২৩ প্রান্তিক পর্যন্ত সরকারি আধা-সরকারি, স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানের নিকট বকেয়া বিদ্যুৎ বিল ১৬২৫০৮৪/- টাকা। | | |
| ২৩ | পল্লী সঞ্চয় ব্যাংক। | শাখা ব্যাবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, রাজৈর সভায় জানান যে, উপজেলায় ব্যাংকে মোট ২২২টি সমিতিতে ১০১৮৬ জন সদস্য নিয়ে সঞ্চয় আদায় ও ঋণ কার্যক্রম চলু রয়েছে। দাপ্তরিক অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | ঋণ আদায়ে তৎপরতা বৃদ্ধি করতে হবে। | ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক। |
| ২৪ | উপজেলা পরিচালনা ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি)। | ইউডিএফ, রাজৈর সভায় বলেন যে, উপজেলা পরিচালনা ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি)'র ৬ষ্ঠ পর্যায়ের (২০২১-২০২২) অর্থ বছরের জন্য উপজেলা কমিটি ও প্রকল্প বাছাই কমিটি কর্তৃক সুপারিশকৃত নিম্নবর্ণিত ০৩ (তিন) টি অবকাঠামো উন্নয়নমূলক উপপ্রকল্প INF-2021-22-305480-01-রাজৈর পাইলট বালিকা উচ্চ বিদ্যালয়ে একটি মাল্টিপারপাস হলরুম ও একটি ওয়াসব্লক নির্মাণ-১৬৫০৮৫৯/- (ভ্যাট ও আইটি ব্যতিত) ও ১৮৩৩৩৬২/- (ভ্যাট ও আইটিসহ), INF-2021-22-305480-02-পাইকপাড়া ইউনিয়নের দামোদর বাজার এবং আমগ্রাম ইউনিয়নের আমগ্রাম বাজারে পাবলিক টয়লেট নির্মাণ-১২৩৩৬৩৬/- (ভ্যাট ও আইটি ব্যতিত) ও ১৩৭৮৩৬৪/- (ভ্যাট ও আইটিসহ), INF-2021-22-305480-03-রাজৈর উপজেলা ১৫টি শিক্ষা প্রতিষ্ঠানে স্মার্ট এলইডি টিভি সরবরাহ-১২২৫৪৯৫/- (ভ্যাট ও আইটি ব্যতিত) ও ১২৫৭৫৩৬/- (ভ্যাট ও আইটিসহ) ই-জিপি টেন্ডারিং প্রক্রিয়ায় বাস্তবায়নের লক্ষ্যে অনুমোদনের প্রস্তাব করেন। | উপস্থাপিত উপপ্রকল্পগুলি অনুমোদন প্রদান করা হলো এবং চূড়ান্ত অনুমোদনের জন্য প্রকল্প পরিচালক (অতিরিক্ত সচিব) মহোদয় বরাবরে প্রেরণ করতে হবে ও উপপ্রকল্পগুলি পঞ্চবার্ষিক উন্নয়ন পরিকল্পনায় অন্তর্ভুক্ত করতে হবে। | ইউডিএফ, উপজেলা পরিষদ। |
| ২৫ | উপজেলা পাট পরিদর্শক | কার্যপত্র না থাকায় দাপ্তরিক কার্যক্রম সম্পর্কে আলোচনা হয়নি। | সভায় নিয়মিত কার্যপত্র প্রেরণ করতে হবে। | উপজেলা পাট পরিদর্শক। |
| ২৬ | উপজেলা পল্লী দারিদ্র্য বিমোচন অফিস। | কার্যপত্র না থাকায় দাপ্তরিক কার্যক্রম সম্পর্কে আলোচনা হয়নি। | সভায় নিয়মিত কার্যপত্র প্রেরণ করতে হবে। | উপজেলা পল্লী দারিদ্র্য বিমোচন অফিসার। |
| ২৭ | বিবিধ আলোচনা। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রাজৈর সভায় বলেন সকল ইউনিয়নের অনুমোদিত তালিকার পাশের মোবাইল নম্বরে টাকা না দিয়ে অন্য নম্বরে টাকা পাঠানো হচ্ছে। এতে অনেক ভাতাভোগী নিয়মিত ভাতা পাচ্ছে না। বিষয়টি সমাধান করার জন্য উপজেলা সমাজসেবা কর্মকর্তা, রাজৈরকে অনুরোধ করা হয়। কবিরাজপুর বাজারে দোকানের উপর পার্শ্ববর্তী গাছের বড় বড় ডাল রয়েছে। যে কোন সময় ভেঙে পড়ে প্রাণহানিসহ বড় ধরনের দুর্ঘটনা ঘটতে পারে। এ রকম অধিকাংশ ইউনিয়নেই রয়েছে। ব্যবস্থা গ্রহণের অনুরোধ। আসন্ন কদমবাড়ি কুম্ভ মেলা উপলক্ষে রাস্তা মেরামত করার ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলী, রাজৈরকে ধন্যবাদ।<br>উপজেলা ভাইস চেয়ারম্যান, রাজৈর বলেন রাজৈর উপজেলার ২০২২-২০২৩ অর্থ বছরের বার্ষিক বাজেট প্রণয়ন করা হয়েছে। বাজেটটি এ সভায় অনুমোদনের জন্য প্রস্তাব করেন।<br>চেয়ারম্যান, পাইকপাড়া, রাজৈর বলেন প্রায় ২-৩ বছর পূর্বের গভীর নলকূপের প্লাটফরম নির্মাণ করা হয়নি। টয়লেট নির্মানের জন্য নির্ধারিত জমিতে না হলে অন্যত্র জমি দেয়া হবে। সাবরেজিস্ট্রারের অনিয়ম, দুর্নীতির বিরুদ্ধে পত্রিকায় প্রকাশসহ ব্যবস্থা গ্রহণের প্রস্তাব করেন।<br>চেয়ারম্যান, কবিরাজপুর, রাজৈর বলেন কবিরাজপুর হতে গোয়ালবাথান পর্যন্ত রাস্তার প্রাক্কলন পাঠানো ও অনুমোদন হয়েছে শীঘ্রই টেন্ডার করা হবে। টেকেরহাট কবিরাজপুর পাকা রাস্তা হতে মুজরাইকান্দি মাদ্রাসা পর্যন্ত রাস্তাটি এইচবিবি করার অনুরোধ করেন।<br>চেয়ারম্যান, আমগ্রাম, রাজৈর বলেন বিলবাগিয়ায় চায়না, দুয়ারি জাল দিয়ে মাছ ধরা হচ্ছে। এখানে পর্যাপ্ত পরিমানে মাছের পোনা অবমুক্ত করার অনুরোধ করেন।<br>চেয়ারম্যান, কদমবাড়ি, রাজৈর বলেন কোন কারনে মোবাইল নম্বর বন্ধ থাকলে ভাতাভোগীর ভাতা পায়না। বিষয়টি নিয়ে আমাদের বদনাম হয়। অথচ এর সাথে আমরা জড়িত নাই। এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা সমাজসেবা অফিসার, রাজৈরকে অনুরোধ করেন। কদমবাড়ি খালের মুখ খোলার ব্যবস্থা গ্রহনের জন্য অনুরোধ করেন।<br>চেয়ারম্যান, ইশিবপুর, রাজৈর বলেন গাজকান্দি সরকারি প্রাথমিক | বর্ণিত বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | উপজেলা নির্বাহী অফিসার, রাজৈর ও সংশ্লিষ্ট সকল। |

| ক্রঃনং | বিভাগের নাম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| | | বিদ্যালয়ের জন্য একটি নতুন ভবন প্রয়োজন। ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা শিক্ষা অফিসার, রাজৈরকে অনুরোধ করেন। | | |

সকল দপ্তরকে তাদের কার্যক্রম সম্পর্কে সভাপতিকে অবহিত করার জন্য অনুরোধ করা হয়। আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(মোঃ রেজাউল করিম চৌধুরী)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
রাজৈর, মাদারীপুর।

স্মারক নং-০৫.৪১.৫৪৮০.০০০.০৮.০০১.১৪-৫০০ তারিখঃ ২৪/০৮/২০২৩ খ্রি

অনুলিপি (সদয় অবগতার্থে প্রেরণ করা হলো)ঃ- (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

০১। জনাব শাজাহান খান, এমপি, মাদারীপুর-২ এবং উপদেষ্টা।
০২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। জেলা প্রশাসক, মাদারীপুর।
০৪। সিনিয়র সহকারী সচিব, জেলা প্রশাসন-২ শাখা, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৫। ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রাজৈর, মাদারীপুর।
০৬। মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রাজৈর, মাদারীপুর।
০৭। মেয়র, রাজৈর পৌরসভা, রাজৈর, মাদারীপুর।

অনুলিপি জ্ঞাতার্থে/কার্যার্থে ঃ-(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

০১। সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, রাজৈর (তাকে কার্যবিবরণীটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)
০২। উপজেলা ............................................ কর্মকর্তা, রাজৈর, মাদারীপুর।
০৩। চেয়ারম্যান (সকল), ...................................... ইউনিয়ন পরিষদ, রাজৈর।
০৪। অফিস কপি।

২৪.০৮.২৩
(উপমা ফারিসা)
উপজেলা নির্বাহী অফিসার
রাজৈর, মাদারীপুর।